গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

## সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০২০

১.০ সরকারি কলেজের শিক্ষকদের বদলি/পদায়নের পদ্ধতি যুগোপযোগী করার লক্ষে এই নীতিমালা জারি করা হলো।

২.০ নীতিমালার আওতা:

২.১ বিভিন্ন সরকারি কলেজে কর্মরত শিক্ষকদের আবেদনের পরিপ্রেক্ষিতে/সরকারের প্রয়োজনে বদলি/পদায়নের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

২.২ সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন পদে বদলি/পদায়ন করতে পারবে।

**ক. সরকারি কলেজের প্রভাষক/সহকারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক/অধ্যাপক পদে বদলি/পদায়ন :**

৩.০ আবেদনের সময়সূচি:

বিভিন্ন পর্যায়ের শিক্ষকবৃন্দ **নিম্নরূপ** সময়সূচি অনুযায়ী বছরে তিনবার বদলির আবেদন করতে পারবেন:

| পদরে নাম | আবেদনের সময় | | |
|---|---|---|---|
| | প্রথম দফা | দ্বিতীয় দফা | তৃতীয় দফা |
| প্রভাষক | জানুয়ারি | মে | সেপ্টেম্বর |
| সহকারী অধ্যাপক | | | |
| সহযোগী অধ্যাপক | ফেব্রুয়ারি | জুন | অক্টোবর |
| অধ্যাপক | | | |

৪.০ **আবেদনের পদ্ধতি ও শর্তাবলি:**

৪.১ অনুচ্ছেদ ৩.০ এর সিডিউল অনুযায়ী নির্ধারিত মাসের ১৫ তারি**খের মধ্যে অনলাইনে** বদলির আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট/প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (www.shed.gov.bd অথবা www.dshe.gov.bd এর নির্ধারিত লিংক)ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন বিবেচনা করা হবে না;

৪.২ আবেদনকারীকে অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে।

৪.৩ ক) নবনিয়োগপ্রাপ্ত প্রভাষকগণ চাকরি দু'বছর পূর্ণ হওয়ার পূর্বে বদলির জন্য আবেদন করতে পারবেন না;

খ) অন্যান্য শিক্ষক/কর্মকর্তাগণ একই র্কমস্থলে ০৩(তিন) বছর পূর্ণ **হওয়ার** পূর্বে অন্যত্র বদলির জন্য আবেদন করতে পারবেন না;

গ) তবে কোন গুরুতর শারীরিক/মানসিক/পারিবারিক পরিস্থিতির কারণে ক্ষেত্র বিশেষে ৩ (তিন) বছর পূর্ণ হবার পূর্বেও আবেদন করা যাবে। যৌক্তিকতা সাপেক্ষে আবেদন বিবেচনার এখতিয়ার সরকারের থাকবে।

৪.৪ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রী'র কর্মস্থলে/নিকটতম শিক্ষা প্রতিষ্ঠানে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে যেহেতু এ ধরনের কর্মকর্তার সংখ্যা অনেক, সেক্ষেত্রে শিক্ষা সেবা প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে;

৪.৫ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন কর্মকর্তা/শিক্ষক তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা যাবে;

৪.৬ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বিবেচনাযোগ্য হবে না;

চলমান পাতা/-২

৪.৭ উভয় শিক্ষক/কর্মকর্তার সুবিধা হয় এমন পারস্পরিক বদলির ক্ষেত্রে উভয়ের সম্মতিতে আবেদন করলে বিবেচনা করা হবে;

৪.৮ কোন শিক্ষা প্রতিষ্ঠানে এক বিষয়ে একজন মাত্র শিক্ষক একাধারে ০৩(তিন) বছর পূর্ণ হলেও বিকল্প শিক্ষক পদায়ন সাপেক্ষে তাঁর বদলির বিষয়টি বিবেচ্য হবে।

৫.০ **আবেদন নিষ্পত্তি:**

৫.১ বদলির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এবং সুপারিশ প্রণয়নের জন্য কমিটি থাকবে। এই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বিবেচনা করে বদলি/পদায়নের সুপারিশ প্রণয়ন করবে;

৫.২ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণকে বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে বদলি/পদায়নসহ বিভিন্ন প্রশাসনিক পদে ও ঢাকা মহানগরসহ সকল বিভাগীয় শহরে সকল পর্যায়ের শিক্ষক বদলি/পদায়ন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নিম্ন বর্ণিত কমিটির সুপারিশের আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে চূড়ান্ত করা হবে:

**কলেজে বদলি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি :**

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (কলেজ) | সভাপতি |
| ২ | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা) | সদস্য |
| ৩ | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪ | উপসচিব কলেজ-১/২ সদস্য | সদস্য |
| ৫ | উপসচিব কলেজ-১/২ | সদস্য সচিব |

৫.৩ ঢাকা মহানগরী ও সকল বিভাগীয় শহর ব্যতীত প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের শিক্ষকদের বদলি/পদায়ন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নিম্ন বর্ণিত কমিটি বিবেচনা করবে :

**কলেজে বদলি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি :**

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | পরিচালক (কলেজ ও প্রশাসন) | সভাপতি |
| ২ | উপপরিচালক (কলেজ-১) | সদস্য |
| ৩ | সহকারী পরিচালক ( কলেজ-১/২ সদস্য) | সদস্য |
| ৪ | সহকারী পরিচালক ( কলেজ-১/২ সদস্য) | সদস্য সচিব |

৫.৪ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;

৫.৫ উপজেলা/প্রত্যন্ত অঞ্চলের কলেজসমূহের শূন্য পদে অগ্রাধিকারভিত্তিতে পদায়ন করা হবে।

**খ. বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে পদায়ন**

৬.০ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে পদায়নের জন্য আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদনকারীকে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে;

৭.০ চাহিদার ভিত্তিতে ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের পর অনলাইনে আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট/প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না;

৮.০ প্রকল্প পরিচালক/উপ প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের নির্দেশনা অনুসরণ করা হবে।

চলমান পাতা/-৩

৯.০ ৫.২ অনুচ্ছেদে বর্ণিত কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের পদায়নের জন্য সুপারিশ করবে;

১০.০ কোন কর্মকর্তা দপ্তর/অধিদপ্তর/সংস্থায় একাধিক্রমে ০৩ (তিন) বছরের বেশী কর্মরত থাকতে পারবেন না। তবে প্রকল্পে নিয়োজিত কর্মকর্তার ক্ষেত্রে প্রকল্পের বাস্তবায়নকাল পর্যন্ত বিবেচ্য হবে;

১১.০ কোন কর্মকর্তাকে একটি দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্প থেকে বদলি করে অন্য কোন দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে সরাসরি বদলি করা যাবে না। মধ্যবর্তী সময়ে তাকে কোন কলেজে ন্যূনতম ০৩(তিন) বছর শিক্ষকতা করতে হবে।

১২.০ একজন কর্মকর্তা সমগ্র চাকরি জীবনে ০৬ (ছয়) বছরের বেশী দপ্তর/অধিদপ্তর/সংস্থা/প্রকল্পে কর্মরত থাকতে পারবেন না।

**গ. সরকারি কলেজে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে বদলি/পদায়ন**

১৩.০ আবেদনের সময়সূচি:

অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়ন/বদলী হতে আগ্রহী কর্মকর্তাগণ প্রতি বছর জুলাই ও ডিসেম্বর মাসে অনলাইনে আবেদন করতে পারবেন।

**১৪.০ আবেদনের পদ্ধতি ও শর্তাবলি:**

১৪.১ অনুচ্ছেদ ১৩.০ এর সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট মাসের ১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট/প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না। আবেদনকারীকে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে।

১৪.২ আবেদনকারীর জ্যেষ্ঠতা, যোগ্যতা, দক্ষতা ও সুখ্যাতি বিবেচনায় নিয়ে ১৫.১ অনুচ্ছেদে বর্ণিত কমিটি অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের নিমিত্তে যোগ্য শিক্ষকগণের একটি প্যানেল তৈরি করবে। পদ শূন্য সাপেক্ষে উক্ত প্যানেল থেকে অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়ন করা হবে;

১৪.৩ প্রশাসনিক পদে দায়িত্ব পালনে শারীরিক ও মানসিকভাবে সক্ষম হতে হবে;

১৪.৪ অধ্যাপক পদ মর্যাদার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের জন্য সরকারি চাকুরিকাল ২০(বিশ) বছর হতে হবে। তবে সহযোগী অধ্যাপক পদ মর্যাদার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে পদায়নের জন্য সরকারি চাকুরিকাল ১৫(পনের) বছর।

১৪.৫ অধ্যাপকদের ক্ষেত্রে SSCEM এবং সহযোগী অধ্যাপকদের ক্ষেত্রে ACEM প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে;

১৪.৬ অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা ও প্রকিউরমেন্ট এ স্বল্পমেয়াদী প্রশিক্ষণ থাকলে তাঁকে পদায়নে অগ্রাধিকার দেয়া হবে;

১৪.৭ সন্তোষজনকভাবে উপাধ্যক্ষ পদে দায়িত্বপালন করেছেন এমন ও প্রশাসনিক কাজের দক্ষতা বিবেচনায় কর্মকর্তাদের অধ্যক্ষ পদে পদায়নের অগ্রাধিকার দেয়া হবে।

১৪.৮ বিভাগীয় মামলা চলমান বা অভিযোগ তদন্তাধীন থাকলে কোন আবেদনকারীর আবেদন বিবেচনা যোগ্য হবে না;

১৪.৯ বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুযায়ী চাকুরিকাল সন্তোষজনক হতে হবে;

১৪.১০ অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বিবেচনাযোগ্য হবে না।

**১৫.০ আবেদন নিষ্পত্তি:**

১৫.১ প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এবং সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি থাকবে। এই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বিবেচনা করে প্যানেল তৈরিসহ বদলি/পদায়নের সুপারিশ প্রণয়ন করবে :

অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে সুপারিশ প্রণয়ন সংক্রান্ত কমিটি :

| ক্রমিক | কমিটি'র সদস্য | কমিটি'র পদ |
|---|---|---|
| ১ | সচিব | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (কলেজ) | সদস্য |
| ৩ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪ | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা) | সদস্য |
| ৫ | উপসচিব কলেজ-২ | সদস্য সচিব |

১৫.২ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদেশ জারি করা হবে।

১৬.০ বিবিধ:

১৬.১ সংযুক্তি/ওএসডি করার ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষণ করবে;

১৬.২ বদলির আবেদনের ক্ষেত্রে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সুপারিশ বাঞ্চনীয় হবে না;

১৬.৩ সরকারি কলেজের শিক্ষকগণের প্রেষণাদেশ মঞ্জুরীর ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হবে;

১৬.৪ এ নীতিমালা জারির তারিখ হতে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/০২.০৬.২০২০
(মো: মাহবুব হোসেন)
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৭- ১৩০-শিক্ষা,

তারিখ: ১৯ জৈষ্ঠ, ১৪২৭ / ০২ জুন, ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৭. অধ্যক্ষ, .............................................................................।

৮. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ )।

১১. পিও টু অতিরিক্ত সচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২/০৬/২০২০
(ড. শ্রীকান্ত কুমার চন্দ)
উপসচিব